জ্ঞাতসারে কোন আচরণবিধি লংঘন করি নাই, শোকজের উত্তরে নাজমুল হক সাগর

মেহেরপুর-২ সংসদীয় আসনে নির্বাচনী আচরণবিধি ভঙ্গের দায়ে অভিযুক্ত প্রার্থী ডাঃ এ.এস. এম নাজমুল হক সাগর বলেছেন, ‘আমি জ্ঞাতসারে কোন নির্বাচনী আচরনবিধি ভঙ্গ করিনি। তবে আমার অজ্ঞাতসারে নির্বাচনী আচরনবিধি ভঙ্গ হয়ে থাকলে, সেই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য দুঃখ প্রকাশ করছি। একই সাথে ভবিষতে সুষ্ঠ, শান্তিপুর্ন ও অংশগ্রহন মূলক নির্বাচন অনুষ্ঠানের জন্য সর্বাধিক সহযোগীতার প্রতিশ্রুতি প্রদান করছি।’

আজ মঙ্গলবার ২ জানুয়ারী মেহেরপুর-২ (গাংনী) সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং যুগ্ন জেলা ও দায়রা জজ-১ম আদালতের বিচারক মোঃ শাহিনুর রহমানের কাছে শোকজের লিখিত উত্তরে এ সকল কথা বলেছেন নাজমুল হক সাগর।

উল্লেখ্য, অর্থ ব্যয় করে ফ্রি মেডিকেল ক্যাম্প করা এবং প্রেসক্রিপশনের অপর পিঠে নির্বাচনী পোস্টার ব্যবহার করার অভিযোগে ৩১ ডিসেম্বর নির্বাচন অনুসন্ধান কমিটি তাকে শোকজ করেছিল।

গাংনীতে বিদ্যুৎস্পর্শে চা দোকানির মৃত্যু

মেহেরপুরে বিদ্যুৎস্পর্শে এক চা দোকানির মৃত্যু হয়েছে। নিহতের নাম ইসরাইল হোসেন। মঙ্গলবার (২ জানুয়ারি) সকাল ৬টার দিকে বৈদ্যুতিক তারের সংযোগ দিতে গিয়ে এ ঘটনা ঘটে।

মৃত ইসরাইল গাংনী উপজেলার বাওট গ্রামের ইউনুস আলীর ছেলে। তিনি

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাওট বাজারে চা বিক্রির ব্যবসা করতেন।

স্থানীয়রা জানিয়েছেন, ইসরাইল হোসেন মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাওট বাজারে চা বিক্রি করতেন। মঙ্গলবার সকালে ইসরাইল দোকানে এসে বিদ্যুতের তার মেরামত করার সময় বিদ্যুৎস্পর্শ হন। ঘন কুয়াশা থাকায় কিছুই দেখা যায়নি।

সকাল সাড়ে ৭টার দিকে মসজিদে কোরআন পড়তে আসা শিশুরা ছাদ থেকে একজন পড়ে থাকতে দেখে চিৎকার দেয়। স্থানীয়রা দ্রুত সেখান থেকে ইসরাইল হোসেনকে উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি ক্লিনিকে পরবর্তীতে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যায়। হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন

গাংনীতে দুই মোটরসাইকেল সংঘর্ষে কলেজ শিক্ষকের মৃত্যু

মেহেরপুর গাংনীতে মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে কাজিপুর কলেজের সহকারী অধ্যাপক ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক রিয়াজ আহমেদ(৪৫) নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার (২ জানুয়ারী) তিনটার সময় ঢাকা ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। রিয়াজের মামাত ভাই বশির আহমেদ এ তথ্য নিশ্চিত করেন।

রিয়াজ আহমেদ গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামের মাঠপাড়া এলাকার আহমেদ আলীর ছেলে। সে কাজিপুর ডিগ্রি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা পরিচালক। তিনি বাংলাদেশ ছাত্রলীগের গাংনী উপজেলা শাখার সাবেক সভাপতি ছিলেন।

গতকাল সোমবার (১ জানুয়ারী) সকাল সাড়ে ৭ টার সময় মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক সড়কের চেংগাড়া চোখতোলা মাঠের মাঝখানে বিপরীতে দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মারাত্বক

আহত হন। এঘটনায় অপর মোটরসাইকেল আরোহী সোনালী ব্যাংকের জোড়পুকুরিয়া শাখার ক্যাশিয়ার রাসেল আহম্মেদ আহত হন।

স্থানীয়রা তাদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে আসলে কর্মরত চিকিৎসক বোধা দাস গুপ্ত (বিডি দাস) তাদের দুজনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রিয়াজ আহমেদের অবস্থার আরো অবনতি হলে দুপুরের দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখান থেকে ঢাকা ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরো সায়েন্স হাসপাতালে নেয়া হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম নিহতের পারিবারিক সুত্রের বরাত দিয়ে এই তথ্য নিশ্চিত করেন।

গাংনীতে নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগরের ভোট চেয়ে পথসভা

গাংনীতে নৌকা প্রার্থী নাজমুল হক সাগরের পক্ষে পথসভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সন্ধ্যার পর গাংনী সংসদীয় আসনের ধানখোলা ইউনিয়নের বিভিন্ন গ্রামে পথসভা করেন নাজমুল হক সাগর ও আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা।

পথসভায় নৌকার প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগর ধানখোলা বাজারের বিভিন্ন ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করেন এবং ভোট প্রার্থনা করেন। বাংলাদেশ আওয়ামী লীগের নৌকা প্রার্থী ডা.নাজমুল হক সাগরকে পেয়ে ধানখোলা বাজারের ব্যবসায়ীরা আবেগ আপ্লুত হয়ে পড়েন। উৎসাহ এবং উদ্দীপনা নিয়ে ভোটকেন্দ্রে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন নৌকার প্রার্থী নাজমুল হক সাগরকে বিজয়ী করতে।

ধানখোলা বাজারে পথসভা শেষে তিনি জালশুকা গ্রামে পথসভা করতে যান। জালসুকা গ্রামে বিভিন্ন মোড়ে মোড়ে তিনি সাধারণ ভোটারদের সাথে

মতবিনিময় করেন এবং নৌকাকে বিজয়ী করার জন্য তিনি নৌকায় ভোট চান।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সহ-সভাপতি সিরাজুল ইসলাম, গাংনী উপজেলার সাবেক চেয়ারম্যান এ্যাডভোকেট শফিকুল আলম, জেলা মহিলা আওয়ামীলীগ নেত্রী নুরজাহান বেগমসহ আওয়ামীলীগের নেতাকর্মী।

নিয়ম জানতেন না পল্লী সঞ্চয় ব্যাংকের সাইদুর, শোকেজের উত্তরে

চাকরিবিধি ও নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে করা শোকজের উত্তর দিয়েছেন অসুস্থতা জনিত ছুটি নিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নির্বাচনী প্রচারণা করা সাইদুর রহমান।

আজ সোমবার সকাল ১১ টায় মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ-২য় আদালতের বিচারক এইচ এম কবির হোসেনের কাছে তিনি শোকজের উত্তর দিয়েছেন।

শোকজের উত্তরে তিনি বলেছেন, তিনি সঠিক নিয়ম জানতেন না। এজন্য তিনি ক্ষমা প্রার্থী। ভবিষ্যতে আর এ ধরনের ভুল করবেন না।

উল্লেখ্য, অসুস্থতা জনিত ছুটি নিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের নির্বাচনী প্রচারণায় অংশ নেওয়া সাইদুর রহমানকে স্বপ্রনোদিত শোকজ করেছিল মেহেরপুর-১ সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটি।

তবে চাকরিজীবী হয়েও অসুস্থতা জনিত ছুটিতে থেকে নির্বাচনী প্রচারণায় যুক্ত হওয়া বিষয়ক সংবাদ প্রকাশের পর সাইদুর রহমান অত্যন্ত উদ্ধতপূর্ণভাবে ফেসবুক লাইভে এসে বলেছিলেন যে সংবাদপত্রে সংবাদটি ছাপা হয়েছে তাদের আইন সম্পর্কে কোন ধারণাই নেই। তিনি

সকল আইন জেনেই নির্বাচনী প্রচারণায় অংশ নিয়েছেন।

শোকজের উত্তর দিলেন মেহেরপুরের পৌর মেয়র রিটন

আচরণ বিধি লঙ্ঘনের সকল অভিযোগ অস্বীকার করেছেন মেহেরপুরের পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

আজ সোমবার বেলা ১২ টার সময় মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ-২য় আদালতের বিচারক এইচ এম কবির হোসেনের কাছে তিনি শোকজের উত্তর দিয়েছেন।

এ সময় তিনি নির্বাচনী প্রচারণায় সরকারি গাড়ি ব্যবহার এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও তার পরিবার নিয়ে কটুক্তি অভিযোগ অস্বীকার করেন। শোকজের লিখিত উত্তরে তিনি বলেছেন আমি সরকারি গাড়ি ব্যবহার করে পৌরসভার কাজে বিভিন্ন এলাকায় গেছি। নির্বাচনী প্রচারণার কোনো কাজে আমি সরকারি গাড়ি ব্যবহার করি নাই। এছাড়াও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও তার পরিবারকে নিয়ে কটুক্তির যে আনা হয়েছে সেটা মিথ্যা। সামাজিক যোগাযোগ মাধ্যমে বক্তব্যের ভিডিও বিকৃত করে ছড়ানো হয়েছে। তবে আগামীতে তিনি আরো সতর্ক থাকবেন বলে অঙ্গীকার করেছেন।

উল্লেখ্য, মেহেরপুর-১ আসনের নৌকার প্রার্থী ফরহাদ হোসেনের পক্ষে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের লিখিত অভিযোগের প্রেক্ষিতে ৩০ ডিসেম্বর শনিবার মেহেরপুর-১ আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান ও মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এইচ এম কবির হোসেন তাকে শোকজ করেন।

লিখিত অভিযোগে বাবলু বিশ্বাস বলেছিলেন, মেহেরপুর-১ আসনের বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেন, তাঁর সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম, ভাই শহিদ সরফরাজ হোসেন মৃদুল ও ভগ্নিপতি মো: আব্দুস সামাদ বাবলু বিশ্বাসদের উদ্দেশ্য করে

ব্যক্তিগত চরিত্র হেয় করতে অশালীন বক্তব্য দিয়েছেন পৌর মেয়র রিটন । তিনি আরো অভিযোগ করেছিলেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেনকে দুর্নীতিবাজ, উন্নয়নকাজে বাধাদানকারী হিসেবে উল্লেখ করে তাকে ও তার পরিবারকে এলাকা ছাড়া করার হুমকি প্রদান করেছেন।

গাংনীতে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়নে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের পক্ষ থেকে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বিকেল ৩ টা সময় কাথুলীর ধলা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে শীত বস্ত্র বিতরণ কার্যক্রম অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

শীত বস্ত্র বিতরণ কার্যক্রমে এলাকার ২০০ জন অসহায় দুস্থ মানুষের মাঝে ১ টি করে কম্বল দিয়ে স্বেচ্ছাসেবী সংগঠন কাথুলী ব্লাড ফাউন্ডেশন ভালোবাসা বিনিময় করেন।

ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের ৩ দিনের প্রশিক্ষণ গ্রহন করে তার অনুপ্রেরণায় এক ঝাক তরুণ ছেলে মেয়ে এই সংগঠন প্রতিষ্ঠিত করে। যা আজকে ১ বছর পূর্তি হলো।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন, ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের সভাপতি বাশারুল ইসলাম, প্রধান উপদেষ্টা নাছিম আহম্মেদ, উপদেষ্টা ও ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ আহম্মেদ পলাশ, অনলাইন কার্যক্রম উপদেষ্টা ফারজানা দ্বীপা, সাবেক ইউ পি সদস্য ভাবিরন নেছা, মোশারোফ হোসেন, ইউনিয়ন ভোলেন্টিয়ার ফোরামের সভাপতি মফিজুর রহমান,সহ কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সকল এক্টিভ সদস্য বৃন্দ।

এ বিষয়ে কাথুলী ব্লাড ফাউন্ডেশন এর সভাপতি বাশারুল ইসলাম বলেন ১ বছরে এই সংগঠন ৩ ৯৬ ব্যাগ রক্ত দিতে সক্ষম হয়েছে।এবং কাথুলী ব্লাড ফাউন্ডেশন ইতিমধ্যে নিজের জেলা ছাড়াও রাজশাহী, ঢাকা ,কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, জোন নিয়ে কার্যক্রম পরিচালনা করছেন।

পাশাপাশি আশেপাশের অসহায় গরীব দুঃখী মানুষের পাশে থেকে কাজ করে যাচ্ছে এই সংগঠন। সকলের ভালোবাসা পেলে আরো এগিয়ে যাবে বলে আশা রাখছি।

মুজিবনগরের মোনাখালী ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতিকের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেলে মুজিবনগরের মোনাখালী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন, মুজিবনগর উপজেলা

আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও মুজিবনগর উপজেলার ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মুজিবনগর উপজেলা আওয়ামী যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, জাতীয় শ্রমিকলীগ মেহেরপুর জেলা শাখার সাধারন সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবুল, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি শান্তি রাজ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের সংবাদ সম্মেলন

মেহেরপুর-২ (গাংনী) আসনের আওয়ামী লীগের দলীয় প্রার্থী ডাক্তার এ এসএম নাজমুল হক সাগরের কর্মী-সমর্থক সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান ও বামুন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস নৌকার প্রার্থীর পক্ষে প্রচারনাকালে একটি মহল্লায় সাধারণ ভোটারদের উদ্দেশে তিনি বলেছেন,যারা নৌকায় ভোট দিবেন তারাই শুধু ভোট কেন্দ্রে যাবেন, নৌকার ভোট দিতে না চাইলে কেন্দে আসার দরকার নাই। নৌকা প্রার্থীর একটি পথসভায় বক্তব্যকালে তিনি নৌকায় ভোট না দিলে বাড়িতে থাকবেন বলে মন্তব্য করেছেন।

এছাড়াও নির্বাচনে ভোটারদের ভোট কেন্দ্রে না যাওয়ার জন্য বিভিন্ন সময়ন হুমকি-ধামকি ও সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা থেকে বন্ঞিত রাখার হুমকি প্রদান করে আসছেন। এবং নৌকার প্রার্থীর অন্যান্য কর্মীরাও বিভিন্ন সময় বিভিন্ন ভাবে সাধারণ ভোটারদের মাঝে ভোট কেন্দ্রে না আসার জন্য ভীতি প্রদর্শন অব্যাহত রেখেছে বলে অভিযোগ করেছেন মেহেরপুর -২ (গাংনী) আসনের স্বতন্ত্র

প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন।

আজ সোমবার দুপুরে স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের নিজ বাস ভবনে সংবাদ সম্মেলনে এসব অভিযোগ করেন। সংবাদ সম্মেলন শেষে সহকারী রিটার্নিং অফিসার ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটি লিখিত অভিযোগ করেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক কৃষিবিদ আশরাফুল ইসলাম সপন।

লিখিত বক্তব্যে বলেন, তিনি বলেন,আমার নির্বাচনী এলাকায় কর্মী- সমর্থকরা যাতে ভোট কেন্দ্রে না যেতে পারে সেজন্য আওয়ামী লীগের দলীয় প্রার্থীর লোকজন হুমকি-ধামকি অব্যাহত রেখেছেন। শুধু তাই তারা নির্বাচন কমিশনের নিয়ম-নীতি উপেক্ষা করে একাধিক নির্বাচন ক্যাম্প তৈরী করেছেন।

যা নির্বাচন কমিশনকে বৃদ্ধা আঙ্গুলি দেখানো হয়েছে । তাই,আমার কর্মী-সমর্থকরা নির্বাচনী মাঠে এখনও মাথা ঠান্ডা রেখেছে। আমরা কোন অপ্রীতিকর ঘটনার অবতরণ না হওয়ার আগে আইনগত ব্যাবস্থা নেয়ার দাবী করা করা হয়।

এমন অবস্থায় বিষয়টি নজরে নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাংবাদিকদের মাধ্যমে নির্বাচনী কমিশনারের দৃষ্টি আকর্ষণ করছি।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আশরাফুল ইসলাম স্বপন, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য ইয়াসিন রেজা,গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল, জেলা আওয়ামী লীগের সাবেক কৃষি বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম শাহ,আওয়ামী লীগের সিনিয়র নেতা যথাক্রমে- মোজাম্মেল হক,আব্দুল বারী,আলী আজগর,শামসুজ্জামান মঙ্গল,গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন,সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ,জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সাহিদুজ্জামান শিপু প্রমুখ।এসময় বিভিন্ন মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আইনজীবীদের আদালত বর্জন

লুণ্ঠিত ভোটাধিকার পুনরুদ্ধার, গণতন্ত্র ও আইনের শাসন প্রতিষ্ঠা এবং বিচারের নামে অবিচার বন্ধের দাবিতে মেহেরপুরে আদালত বর্জন কর্মসূচি শুরু হয়েছে। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সাত দিনব্যাপী আদালত বর্জন কর্মসূচি পালন করছে ইউনাইটেড লয়ার্স ফ্রন্ট ও জাতীয়তাবাদী আইনজীবী সমিতি।

ইংরেজি নববর্ষের প্রথম দিন সোমবার (১ জানুয়ারি) সকাল থেকে তারা এ কর্মসূচি পালন শুরু করেছেন। আগামী ৭ জানুয়ারি পর্যন্ত আইনজীবীরা মেহেরপুরের জেলা ও দায়রা জজ আদালত এবং চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের কোন মামলার শুনানিতে অংশ নেবেন না।

আজ দুপুর পৌনে একটার সময় মেহেরপুর জেলা আইনজীবী ভবনের সামনে অনুষ্ঠিত এক সংক্ষিপ্ত সমাবেশ শেষে বক্তব্য রাখেন মেহেরপুর বারের সভাপতি এডভোকেট কামরুল হাসান সহ আইনজীবী ফোরামের নেতৃবৃন্দ।

বিএনপিপন্থী আইনজীবী মোখলেসুর রহমান স্বপন বলেন, ‘সমস্ত বিচারিক আদালত আমরা সফলভাবে বর্জন করেছি। এর একটাই কারণ আমি এবং আমরা যে নির্বাচন হতে যাচ্ছে প্রতিহত এবং প্রতিবাদ জানাচ্ছি। আইনের শাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য আদালত বর্জনের মাধ্যমে আমরা একটা মেসেজ দিতে চেয়েছি, এবং সেই মেসেজ আমরা দিয়েছি।’

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট কামরুল হাসান বলেন, ‘সাত দিনব্যাপী অসহযোগ আন্দোলনের অংশ হিসেবে আমরা শান্তিপূর্ণভাবে আদালত বর্জনের কর্মসূচি পালন করছি।আগামী ছয় দিনেও আমরা আদালতের কোন ধরনের শুনানিতে অংশ নেব না। ৭ তারিখের ভোট বর্জনের জন্য আমরা লিফলেট বিতরণ করব এবং মাঠে থাকবো। ‘

এর আগে গত রবিবার মেহেরপুর জেলা আইনজীবী সমিতির হলরুমে বিএনপিপন্থী আইনজীবীদের এক সভায় সারা দেশের আদালত বর্জন কর্মসূচিতে একাত্মতা প্রকাশ করা হয়।

উল্লেখ্য গত ২৭ ডিসেম্বর সুপ্রিম কোর্ট বার ভবনে এক সংবাদ সম্মেলনে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মহাসচিব ও বিএনপির কেন্দ্রীয় কমিটির আইনবিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল ১

থেকে ৭ জানুয়ারি সারা দেশের আদালত বর্জন কর্মসূচির ঘোষণা করেন।